দৈনিক সংবাদ

তারিখ ...09 APR 1988...
পৃষ্ঠা... ... ... ...কলাম...1... ...

04

# আজ শিক্ষা সপ্তাহ শুরু হচ্ছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

আজ শনিবার থেকে ঢাকায় শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে শিক্ষা সপ্তাহ-'৮৮ শুরু হচ্ছে।

সকাল সাড়ে ৯ টায় রাষ্ট্রপতি এরশাদ শিল্পকলা একাডেমী মিলনায়তনে শিক্ষা সপ্তাহের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন।

শিক্ষা সপ্তাহ উপলক্ষে আজ সকাল ১১ টায় শিল্পকলা একাডেমী মিলনায়তনে এক সেমিনার অনুষ্ঠিত হবে। সেমিনারের বিষয়বস্তু হচ্ছে 'শিক্ষার মানোন্নয়ন ও সম্প্রসারণ।'

এ উপলক্ষে আগামীকাল একই স্থানে এক সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়েছে।

১১ই এপ্রিল সোমবার বিকেল পাঁচটায় শিক্ষা সপ্তাহের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। বেগম রওশন এরশাদ সমপানী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরবণ করবেন।

# শিক্ষা একটি সাংবিধানিক অধিকার

**--রাষ্ট্রপতি**

শিক্ষা সপ্তাহ উদযাপন উপলক্ষে গতকাল প্রদত্ত এক বাণীতে রাষ্ট্রপতি এরশাদ বলেন, উন্নত সমাজ ও জাতি গঠনে শিক্ষার কোন বিকল্প নেই এবং শিক্ষা একটি সাংবিধানিক অধিকার।

রাষ্ট্রপতি তাঁর বাণীতে ২000 সালের মধ্যে 'সবার জন্য শিক্ষা' নিশ্চিত করার অংগীকার ব্যক্ত করে বলেন, এ প্রতিশ্রুতি বাস্তবায়নের উদ্দেশ্যে গৃহীত হয়েছে সার্বজনীন প্রাথমিক শিক্ষা ও জাতীয় গণশিক্ষা, কর্মসূচী প্রকল্প।

রাষ্ট্রপতি বলেন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষার যুগোপযোগী এবং ফলপ্রসূ বিন্যাস এবং পরীক্ষ পদ্ধতিকে ঢেলে সাজানো অপরিহার্য হয়ে দাঁড়িয়েছে। কারণ কিশোর ও যুব সমাজে হতাশা ও নৈতিবাচক মনোভাব সমগ্র জাতির জন্য অশুভ পরিণাম ডেকে আনতে পারে।

রাষ্ট্রপতি বাণীতে শিক্ষা সপ্তাহের সার্বিক সাফল্য কামনা করেন। খবর তথ্য বিবরণীর।

**শিক্ষামন্ত্রীর বাণী**

শিক্ষা সপ্তাহ উদযাপন উপলক্ষে শিক্ষামন্ত্রী জনাব আনিসুল

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

**রাষ্ট্রপাত**

(১ম পাতার পর)

ইসলাম মাহমুদ এক বাণীতে বলেন, শিক্ষা বাংলাদেশের প্রতিটি নাগরিকের মৌলিক অধিকার। জ্ঞানের বিকাশ সাধন ও এর মাধ্যমে ব্যক্তি ও সমাজের উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে বর্তমান সরকার শিক্ষার উন্নয়ন ও সম্প্রসারণের উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করেছেন।

মন্ত্রী বলেন, শিক্ষা ক্ষেত্রে আমাদের বর্তমান অবস্থান ও অগ্রগতি সঠিক পর্যালোচনার মাধ্যমে মানব সম্পদের উৎকর্ষ সাধন বর্তমান সরকারের অঙ্গীকার। এ ব্যাপারে 'শিক্ষা সপ্তাহ ১৩৯৪' উদযাপন চিন্তার নবতর দিগন্ত উন্মোচনে সহায়ক হবে এবং "শিক্ষার উন্নয়ন ও সম্প্রসারণ" এ নতুন দিক নির্দেশনা দেবে বলে আমার বিশ্বাস। খবর তথ্য বিবরণীর।